

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
রাজশাহী মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স
পবাপাড়া, সপুরা, রাজশাহী-৬২০৩
www.rmp.gov.bd




আদেশ নং- ২৩৬/২০২০

তারিখ : ২৭/১০/২০২০ খ্রিঃ।

আদেশ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ৩০ অক্টোবর ২০২০খ্রিঃ, ১২ রবিউল আউয়াল ১৪৪২ হিজরি শুক্রবার পবিত্র ঈদ-ই-মিলাদুল্লী (সাঃ) উদযাপিত হবে। দিবসটি উপলক্ষে রাজশাহী মহানগর এলাকায় জুশনে জুলুশ (শোভাযাত্রা), মিলাদ-ওয়াজ মাহফিল ও ধর্মীয় সভাসহ বিভিন্ন ধরনের অনুষ্ঠান অনুষ্ঠিত হয়ে থাকে। কিন্তু কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হওয়ায় জনস্বাস্থ্য ঝুঁকি বিবেচনায় ইতোপূর্বে সকল ধর্মীয় অনুষ্ঠানাদি সরকারি নির্দেশনা মেনে স্বাস্থ্যবিধি অনুসরণ করে স্বল্পপরিসরে অনুষ্ঠিত হয়েছে। কোভিড-১৯ পরিস্থিতির কারণে স্বাস্থ্যবিধি সংক্রান্ত সরকারী নির্দেশনা প্রতিপালনসহ রাজশাহী মহানগর এলাকার শান্তি শৃঙ্খলা রক্ষার নিমিত্ত আমি নিম্নস্বাক্ষরকারী রাজশাহী মেট্রোপলিটন পুলিশ আইন-১৯৯২ এর ২৬এর ১(ঢ), ২৯ এর ১ (ক), (খ), ৩০ ধারার অর্পিত ক্ষমতাবলে রাজশাহী মহানগর এলাকায় আগামী ৩০ অক্টোবর ২০২০খ্রিঃ সকল প্রকার জনসমাবেশ, মিছিল, আতশবাজি, পটকা ফুটানোসহ অন্যান্য ক্ষতিকারক দ্রব্য ব্যবহার, অস্ত্রশস্ত্র, তলোয়ার, বর্শা, বন্দুক, ছোরা বা লাঠি ও বিস্ফোরক দ্রব্য বহন ও ব্যবহার নিষিদ্ধ ঘোষণা করলাম। তবে স্বাস্থ্য বিধি মেনে ঘরোয়াভাবে ধর্মীয় আচারাদী পালন করা যাবে। আইন অমান্যকারীদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


২৭/১০/২০
(মোঃ আবু কালাম সিদ্দিক)
বিপি-৭০৯৮০৩২০১০.
পুলিশ কমিশনার
রাজশাহী মহানগর পুলিশ, রাজশাহী।